দৈনিক জনকণ্ঠ

SEP. 1 5 1999

তারিখ ... ... SEP. 1 5 1999 ...
পৃষ্ঠা 2 কলাম 6.....

# চবি খোলা নিয়ে সংশয় ॥ ক্যাম্পাস বাস আংশিক চালুর সিদ্ধান্ত ছাত্র সংগঠনগুলোর প্রত্যাখ্যান

চবি সংবাদদাতা ॥ ক্যাম্পাস বাস আংশিকভাবে চালুর সিদ্ধান্তের পরও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে সৃষ্ট জটিলতা নিরসন হয়নি। ক্যাম্পাস বাসের ব্যাপারে সিন্ডিকেট নমনীয় হলেও ছাত্র সংগঠনগুলো অনড় রয়েছে। ছাত্র সংগঠনগুলো আংশিক বাস চালুর সিন্ডিকেট সিদ্ধান্ত প্রত্যাখ্যান করায় বিশ্ববিদ্যালয় খোলা নিয়ে নতুন করে সংশয় দেখা দিয়েছে। একই সঙ্গে ছাত্র সংগঠনগুলো কঠোর আন্দোলন কর্মসূচীর পরিকল্পনা হাতে নিয়েছে বিশ্ববিদ্যালয় খোলার দিন থেকেই। আগামী ২০ সেপ্টেম্বর বিশ্ববিদ্যালয় খোলার কথা।

ক্যাম্পাস বাস পুরোপুরি চালুর দাবিতে ছাত্র সংগঠনগুলোর পূর্বের স্থগিতকৃত আন্দোলন কর্মসূচী নতুন করে চাঙ্গা করার প্রস্তুতি চলছে। বিশ্ববিদ্যালয় খোলার দিন থেকেই ক্লাস বর্জন, হরতাল, অবরোধ বা ছাত্র ধর্মঘটের এক বা একাধিক কর্মসূচী নেয়া হতে পারে বলে ক্যাম্পস সূত্র আভাস দিয়েছে। ছাত্র সংগঠনগুলো আবাসিক হল খোলার অপেক্ষায় রয়েছে। আগামী ১৮ সেপ্টেম্বর আবাসিক হল খুলে দেয়ার পর ছাত্র সংগঠনগুলো যুগপৎভাবে তাদের আন্দোলন কর্মসূচী ঘোষণা করবে বলে সংগঠন সূত্র জানায়।

অপরদিকে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ভবিষ্যত পরিস্থিতি নিয়ে কিছুটা শঙ্কিত। ছাত্র সংগঠনের ভূমিকা নিয়েও কর্তৃপক্ষ দ্বিধাদ্বন্দ্বে রয়েছে।